গ্রামের মাটিতে জন্ম অতি সাধারণ পরিবারের সন্তান বাপ্পি জাপান বিশ্ববিদ্যালয়ের পথে

গ্রামের মাটিতে জন্ম, জাপানের বিশ্ববিদ্যালয়ের পথে স্বপ্নপূরণের অঙ্গিকার বুকে নিয়ে। আলমডাঙ্গা উপজেলার বেলগাছী গ্রামের পূর্বপাড়ার বাপ্পি রহমান (২২) নামের এক শিক্ষার্থী জাপানে পড়াশোনার সুযোগ পেয়েছেন। জাপানি ল্যাঙ্গুয়েজ প্রফিশিয়েন্সি টেস্ট (JLPT) পরীক্ষায় উত্তীর্ণ হয়ে তিনি এ সাফল্য অর্জন করেন।

গত বৃহস্পতিবার সকাল ১০টায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তার এই অনুমোদন দিয়েছেন। তার এই সাফল্যে পরিবার ও গ্রামবাসীর মধ্যে খুশির পরিবেশ বিরাজ করছে।

বাপ্পি রহমান উপজেলার বেলগাছী গ্রামের পূর্বপাড়ার মো. আশরাফুল হকের ছেলে। সাধারণ পরিবারের সন্তান হলেও, সীমিত সম্পদ ও নানা প্রতিবন্ধকতা সত্ত্বেও তিনি পড়াশোনায় আগ্রহী ছিলেন।

পরীক্ষায় বাপ্পি রহমান খুলনা বিভাগের মধ্যে তৃতীয় স্থান লাভ করেন। এই ফলাফলের ভিত্তিতে তার জাপানে পড়াশোনার সুযোগ নিশ্চিত হয়। তিনি ( বাপ্পি রহমান) জাপানের টোকিও শহরের তাকুসুকি ইউনিভার্সিটি-তে ভর্তি হওয়ার অনুমোদন পেয়েছেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তার ভর্তির আনুষ্ঠানিক অনুমোদন দিয়েছে।

এর আগে তিনি ২০২২ সালে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হন এবং জিপিএ–৫ অর্জন করেন। তিনি আলমডাঙ্গা ব্রাইট মডেল স্কুলের শিক্ষার্থী ছিলেন।

শিক্ষকরা জানান- বাপ্পি রহমান পড়াশোনায় প্রতিশ্রুতিশীল মেধাবী ছাত্র এবং ধারাবাহিকভাবে ভালো ফলাফল করে আসছেন।

শিক্ষার্থীর বাবা আশরাফুল হক বলেন, সংসারের সীমাবদ্ধতার মধ্যে থেকেও আমরা চেষ্টা করেছি ছেলেকে পড়াশোনা চালিয়ে নেওয়ার। তার এই সাফল্যে আমরা অত্যন্ত সন্তুষ্ট।